



চলমান যুদ্ধে ইরানের শাসনব্যবস্থা ভাঙার পথে: নেতানিয়াহ



ছবি: সংগৃহীত

ইরান চলমান সংঘাতে উল্লেখযোগ্য ক্ষতির সম্মুখীন হয়েছে বলে মন্তব্য করেছেন ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহ। তার দাবি, দেশটির বর্তমান শাসনকাঠামো ক্রমেই দুর্বল হয়ে পড়ছে এবং পতনের দিকে অগ্রসর হচ্ছে।

মঙ্গলবার (২ জুন) কাতারভিত্তিক সংবাদমাধ্যম আল জাজিরার এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়।

সামাজিক যোগাযোগমাধ্যমে দেওয়া এক বার্তায় তিনি বলেন, সংঘাতের কারণে ইরান ইতোমধ্যে বড় ক্ষতি ভোগ করেছে। তার মতে, শাসনব্যবস্থার ভেতরে ফাটল দেখা দিয়েছে এবং আগের অবস্থায় ফেরার সুযোগ নেই।

তিনি আরও দাবি করেন, বর্তমান পরিস্থিতি ইঙ্গিত দিচ্ছে যে ইরানের ক্ষমতাসীন কাঠামোর পতন খুব দূরে নয়। তবে এ বিষয়ে এখনো ইরানের পক্ষ থেকে কোনো বক্তব্য পাওয়া যায়নি।

বিশ্লেষকদের মতে, ইসরায়েল ও ইরানের মধ্যে চলমান উত্তেজনা থামার কোনো লক্ষণ নেই। পাল্টাপাল্টি হুমকি ও আঞ্চলিক অস্থিরতা পরিস্থিতিকে আরও জটিল করে তুলছে।